

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুলাই ২৩, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ, ৮ শ্রাবণ ১৪১২/২৩ জুলাই ২০০৫

এস, আর, ও নং ২২৫-আইন/২০০৫।—Gur, Sugar and Sugar Products (Manufacture and Movements) Control Order, 1956 এর paragraph 6 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত paragraph এর উদ্দেশ্য পূরণকল্পে, ১৭ই আষাঢ়, ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ১লা জুলাই, ২০০৫ খ্রিস্টাব্দ তারিখ হইতে ১৭ই জ্যৈষ্ঠ, ১৪১৩ বঙ্গাব্দ মোতাবেক ৩১শে মে, ২০০৬ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত আখ মাড়াই-যন্ত্রপাতি (Sugarcane apparatus) ব্যবহার সংক্রান্ত নিষেধাজ্ঞার সময়কাল নির্ধারণ করিল।

২। উক্ত সময়কালে অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৬২-আইন/৯৪, তারিখ ১৫ই ভাদ্র, ১৪০১ বাং মোতাবেক ৩০শে আগস্ট, ১৯৯৪ ইং (সময় সময় সংশোধিত) দ্বারা ঘোষিত আখ এলাকাগুলিতে (Zone) কোন ব্যক্তি চিনি কারখানা (Sugar Factory) ব্যতীত অন্য কোথাও কোন আখ মাড়াই-যন্ত্রপাতি (Sugarcane apparatus) ব্যবহার করিতে পারিবেন না এবং এতদুদ্দেশ্যে কোন আখ মাড়াই-যন্ত্রপাতি ক্রয়, ভাড়া বা অন্য কোনভাবে অর্জন করিতে বা রক্ষণ করিতে পারিবেন না।

৩। ইহা ১লা জুলাই, ২০০৫ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোজাম্মেল হক খান
উপ-সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৭৬২৫)

মূল্য : টাকা ২.০০